


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

স্মারক নম্বরঃ ৮০.০০.০০০০.১১১.১১.০১১.২০২১-৩৯

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ডাক অধিদপ্তরের ১০ম গ্রেডের সিনিয়র মেকানিক ও গ্রাফিক ডিজাইনার এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের ১১তম গ্রেডের সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) [বৃত্তিমূলক, বাণিজ্যিক, শিল্প ও নকশা শাখা], সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) [হস্তশিল্প ও সমজাতীয় প্রশিক্ষণ শাখা] এবং সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) [দপ্তর বিজ্ঞান] এর স্থায়ী শূন্য পদের প্রার্থীদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ডাক অধিদপ্তরের ১০ম গ্রেডের সিনিয়র মেকানিক পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা গত ০১ নভেম্বর ২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীগণ সাময়িকভাবে (Provisionally) উত্তীর্ণ হয়েছে :

## সিনিয়র মেকানিক :-

রেজিস্ট্রেশন নম্বর: **000003 000006 000008 000012 000017 000018 000023 000026 000031 000032 000033 000034 000041 000043 000049 000051 000052 000055 000060 000064 000067 000070 000072 000074 000075 000077 000081 000082 000085 000087 000089 000091 000092 000093 000095 000100 000108 000114 000120 000121 000124 000125 000133 000135 000138 000141 000142 000143 000146 000147 000151 000153 000156 000158 000160 000163 000166 000167 000179 000181 000187 000188 000191 000195 000196 000199 000200 200008 200031 300055 300067 400092 500003 500062 500096 700018 700030 700054 Total=78** জন।

২. ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ডাক অধিদপ্তরের ১০ম গ্রেডের গ্রাফিক ডিজাইনার পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা গত ০১ নভেম্বর ২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় কোনো প্রার্থী উত্তীর্ণ হয়নি।

৩. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের ১১তম গ্রেডের **সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) [**হস্তশিল্প ও সমজাতীয় প্রশিক্ষণ শাখা] পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা গত ০৮ নভেম্বর ২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থী সাময়িকভাবে (Provisionally) উত্তীর্ণ হয়েছে :

**সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) [**হস্তশিল্প ও সমজাতীয় প্রশিক্ষণ শাখা] : রেজিস্ট্রেশন নম্বর: **000076 Total= 01** জন

ক্রমশ: ২

Nikos Bigopti

৪. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের ১১তম গ্রেডের সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) [বৃত্তিমূলক, বাণিজ্যিক, শিল্প ও নকশা শাখা] এবং সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) [দপ্তর বিজ্ঞান] পদের প্রার্থীদের লিখিত পরীক্ষা গত ০৮ নভেম্বর ২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় কোনো প্রার্থী উত্তীর্ণ হয়নি।

৫. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক সিনিয়র মেকানিক পদের ০৯ মে ২০২১ তারিখে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের সিনিয়র ইন্সট্রাক্টর (ট্রেড) [হস্তশিল্প ও সমজাতীয় প্রশিক্ষণ শাখা] পদের ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী মূল আবেদনপত্র BPSC Form-5A [Applicant's Copy] কমিশনের ওয়েবসাইট **www.bpsc.gov.bd** থেকে ডাউনলোড করে নিম্নবর্ণিত কাগজপত্রের মূল/সত্যায়িত কপিসহ আগামী [illegible] ২৭ মার্চ ২০২২ তারিখ হতে ৩১ মার্চ ২০২২ তারিখ [সরকারি ছুটির দিন ব্যতীত] প্রতিদিন সকাল ১০:০০ মিনিট থেকে বিকাল ৪:০০ মিনিট পর্যন্ত পরিচালক, ইউনিট-১১, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ এর দপ্তরে সরাসরি অথবা ডাকযোগে জমা প্রদান করতে হবে।

ক. শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি;

খ. "ও" লেভের এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এ এফডেভিট গ্রহণযোগ্য হবে না ;

গ. অনধিক ৩ মাস পূর্বে তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ;

ঘ. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

ঙ. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

চ. লিখিত পরীক্ষার প্রবেশপত্র ;

ছ. সরকারি/আধাসরকারি, স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিল স্বাক্ষরিত ছাড়পত্র;

জ. সরকার অথবা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফা প্রদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তেফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশ ;

ঝ. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হয়ে থাকলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রামান্য সনদ ;

ঞ. বিদেশ হতে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইকুইভ্যালেন্স সনদ ;

ট. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র/কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রয়োজনীয় সনদের সত্যায়িত কপি ;

ঠ. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি ;

ড. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা (Permanent address) পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

**৬. উল্লিখিত প্রতিটি ডকুমেন্ট এর উপর প্রার্থীকে তার রেজিস্ট্রেশন নম্বর অবশ্যই লিখতে হবে।**

**৭. নির্ধারিত তারিখের মধ্যে ৫ নং অনুচ্ছেদ উল্লিখিত কাগজপত্র জমাদানে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে এবং তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

ক্রমশ: ৩

Nikos Bigopti

৮. কাগজপত্র যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

৯. প্রকাশিত ফলাফলে গুরুতর [Substantive] ত্রুটির কারণে কোনো সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

১০. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর [Substantive] ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোনো মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

১১. লিখিত পরীক্ষার ফলাফল কমিশনের www..bpsc.gov.bd ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লি. এর http:/bpsc.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১২. মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি ও বিস্তারিত তথ্য পরবর্তীতে জাতীয় দৈনিক পত্রিকা এবং কমিশনের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

১৪/৩/২০২২

[ মোঃ নজরুল ইসলাম ]
পরীক্ষা নিয়ন্ত্রক ( নন-ক্যাডার)
[ যুগ্মসচিব]

স্মারক নম্বরঃ ৮০.০০.০০০০.১১১.১১.০১১.২০২১-৩৯ তারিখঃ ১৪ মার্চ ২০২২ খ্রি:

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:-**

১. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট (বিজ্ঞপ্তিটি কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. উপসচিব (প্রশা/অর্থ/বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক(সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. মাননীয় চেয়ারম্যান মহোদয়ের এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব ( সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, ঢাকা।
৭. জনসংযোগ কর্মকর্তা (বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ),বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮. উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১১. অভ্যর্থনা শাখা/নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।

১৪.৩.২০২২

[ আবদুল্লাহ আল মামুন]
পরিচালক

Nikos Bigopti